

মধুখালীতে জেএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁস : কলেজছাত্র আটক

প্রতিনিধি, মধুখালী (ফরিদপুর)

মধুখালীতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা (জেএসসি) বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে গত বৃহস্পতিবার এক কলেজ ছাত্রকে আটক করেছে মধুখালী থানা পুলিশের পিএসআই এস এম রিয়াদউজ্জামান। আটক কলেজ ছাত্র উপজেলার রায়পুর ইউনিয়নের জগন্নাথদী গ্রামের দশরথ দাসের ছেলে সর্বজয় দাস (১৯)।

সে মধুখালী সরকারি আইনউদ্দিন কলেজ থেকে চলতি বছর এইচ এস সি পরীক্ষায় পাস করেছে। মধুখালী পাইলট উচ্চ বিদ্যালয়ের কেন্দ্রের বাহিরে রাত্তায় পরীক্ষা আরম্ভের ১০ মিনিট আগে তার মোবাইলে বিজ্ঞান প্রশ্ন কয়েকজন পরীক্ষার্থীকে দেখানোর সময় পুলিশের হাতে আটক হয়। তার বিরুদ্ধে পাবলিক পরীক্ষা সমূহ (অপরাধ) আইন-২৮০ এর ৪ ধারায় নিয়মিত মামলা দায়ের করা হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মনজুর হোসেন এবং পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. ইকবাল হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মধুখালী পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রের বাহিরে পরীক্ষা শুরু প্রায় ১০ মিনিট আগে মোবাইলে বিজ্ঞান প্রশ্ন কয়েকজন পরীক্ষার্থীকে দেখানোর সময় পুলিশ তাকে আটক করেন। এ ব্যাপারে কেন্দ্র সচিব মো. আলি আকবর বাদি হয়ে একটি নিয়মিত মামলা দায়ের করেছেন।

মধুখালী থানা ইনচার্জ মো. মিজানুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, জেএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে সর্বজয় নামে এক কলেজ ছাত্রকে আটক করে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। তার বিরুদ্ধে পাবলিক পরীক্ষা সমূহ (অপরাধ) আইনের ২৮০ এর ৪ ধারায় নিয়মিত মামলা হয়েছে।